

🗏 আল-ওয়াকিয়া | Al-Waqi'a | ٱلْوَاقِعَة

আয়াতঃ ৫৬:৩০

💵 আরবি মূল আয়াত:

وَّ ظِلِّ مَّمدُودٍ ﴿٣٠﴾

আর বিস্তৃত ছায়ায়, — আল-বায়ান

বিস্তীর্ণ অঞ্চল-জুড়া ছায়ায়, — তাইসিরুল

সম্প্রসারিত ছায়া, — মুজিবুর রহমান

And shade extended — Sahih International

৩০. আর সম্প্রসারিত ছায়া(১),

(১) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "জান্নাতে এমন গাছ থাকবে যার ছায়ায় ভ্রমণকারী একশত বছর ভ্রমণ করেও শেষ করতে পারবে না।" [বুখারী: ৪৮৮১, মুসলিম: ২১৭৫]

তাফসীরে জাকারিয়া

(৩০) সম্প্রসারিত ছায়া। [1]

[1] যেমন এক হাদীসে আছে যে, ''জান্নাতের একটি গাছের ছায়া তলে একজন অশবারোহী একশ' বছর পর্যন্ত চলতে থাকবে, তবুও সে ছায়া শেষ হবে না।'' (বুখারীঃ তাফসীর সূরা ওয়াকিআহ, মুসলিমঃ জান্নাত অধ্যায়)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5009

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন